# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 30-03-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গ্রীষ্মের মরশুমে জল সংরক্ষণের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন।

আকাশবাণীতে মন-কি-বাতের ১২০-তম পর্বে শ্রী মোদী গরমের ছুটিতে পড়ুয়াদের সামর ক্যাম্পের মতো কর্মসূচীতে যোগ দেওয়ার আহ্বান জানিয়েছেন।

প্রধানমন্ত্রী বস্ত্রশিল্পে উৎপাদিত বর্জ্য পুনর্বব্যহারের জন্যও বলেছেন।

২) পবিত্র রমজান মাসের পর আগামীকাল খুশীর উৎসব ঈদ-উল-ফিতর উদযাপিত হবে।

৩) মালদার মোথাবাড়ি যাওয়ার পথে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ও বিজেপি-র রাজ্যসভাপতি সুকান্ত মজুমদারকে পুলিশ আটকালে তুমুল উত্তেজনা সৃষ্টি হয়।

মোথাবাড়ির ঘটনায় ১৯-টি মামলা দায়ের করে ৬১ জনকে গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।

৪) বেঙ্গালুরু-কামাক্ষা সুপারফাস্ট এক্সপ্রেসের ১১-টি বগি লাইনচ্যুত হলে ১ জন নিহত এবং ৭ জন জখম হয়েছেন।

৫) দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন তাপমাত্রার বড়রকম হেরফের হবে না বলে আবহাওয়া দফতর জনিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

গ্রীষ্মের মরশুমে **জল সংরক্ষণের** প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আকাশবাণীতে মন কি বাত-এর ১২০-তম পর্বে দেশবাসীর উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, দেশ জুড়ে যেভাবে দ্রুতগতিতে জল সংরক্ষণের কাজ চলেছে তা' অত্যন্ত সন্তোষজনক। জল শক্তি মন্ত্রক ও অসংখ্য অসরকারি সংস্থা জল সংরক্ষণের লক্ষ্যে কাজ করছে। গত সাত আট বছরে ১১'শ কোটি ঘন মিটার জল সংরক্ষণ করা হয়েছে, যা অভূতপূর্ব। যুদ্ধকালীন তৎপরতায় সারা বছর ধরেই এখন বৃষ্টির জল ধরে রাখার মতো নানা পরিকল্পনা নেওয়া হয়েছে।

( MKB- জল সংরক্ষণ )

শ্রী মোদী, আসন্ন **গ্রীষ্মের ছুটিতে** পড়ুয়াদের ইতিবাচক নানা কর্মসূচীতে অংশ নিতে আহ্বান জানিয়েছেন। এই সময়টা নতুন নতুন জিনিষ শেখা এবং নতুন দক্ষতা অর্জনের সুযোগ বলে উল্লেখ করেন তিনি। বিভিন্ন সংগঠন, স্কুল এবং সামাজিক প্রতিষ্ঠান তাদের আয়োজিত সামার ক্যাম্পের বিষয়ে **'হ্যাশট্যাগ মাই হলিডেজ'** এর মাধ্যমে জানাতে পারেন। এর ফলে শিক্ষার্থী এবং তাঁদের বাবা মা সহজেই এসংক্রান্ত তথ্য পেয়ে যাবেন।

( MKB- গ্রীষ্মের ছুটি )

শ্রী মোদী বলেন, আগামী কয়েকদিন সমগ্র দেশের মানুষ **উৎসবের** আনন্দে মেতে উঠবেন। আজ থেকেই ভারতীয় নববর্ষ শুরু হচ্ছে। আগামী কয়েকদিনে বিহার, বাংলা, তামিলনাড়ু ও গুজরাটে নববর্ষ উদ্‌যাপন করবেন নাগরিকরা। ইদ, রঙ্গালী বিহু, পয়লা বৈশাখ, নভরেহ্ –এর মতো উৎসব দেশের বৈচিত্রের মধ্যে ঐক্যের চিত্রকেই স্পষ্ট করেছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

( MKB- উৎসব )

প্রধানমন্ত্রী, নরেন্দ্র মোদী **বস্ত্রশিল্পে উৎপাদিত বর্জ্যের** সমস্যা সমাধানের প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। প্রধানমন্ত্রী এটিকে সারা বিশ্বের কাছেই অন্যতম গুরুত্বপূর্ণ সমস্যা

বলে উল্লেখ করেন। বস্ত্রশিল্পের মোট বর্জ্যের এক শতাংশেরও কম নতুন জামা কাপড় তৈরিতে কাজে লাগানো হয় বলে তিনি জানিয়েছেন। এধরণের বর্জ্য উৎপাদনের দিক থেকে ভারত বিশ্বের তৃতীয় দেশ বলে প্রধানমন্ত্রী এদিন মন্তব্য করেন।

শ্রী মোদী বলেন, আন্তর্জাতিক যোগ দিবসের ফিরতি গণনা চলেছে। তিনি যোগাভ্যাসকে জীবনের অঙ্গ করে তোলার আহ্বান জানিয়েছেন। এবারের যোগ দিবসের মূল ভাবনা- ‘এক পৃথিবী এবং এক স্বাস্থ্যের জন্য যোগ’।

( MKB- যোগ দিবস)

oooooooooooooooo

দেশের দরিদ্রতম মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌছে দেওয়াই সরকারের কাছে সর্বোচ্চ অগ্রাধিকার বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। আয়ুষ্মান ভারত-এর মত প্রকল্পের আওতায় কোটি কোটি মানুষ বিনা পয়সায় চিকিৎসার সুযোগ পাচ্ছেন বলে শ্রী মোদী জানিয়েছেন। আজ মহারাষ্ট্রের নাগপুরে মাধব নেত্রালয় প্রিমিয়াম সেন্টারের শিলান্যাস করে শ্রী মোদী বলেন, সরকারের জন ঔষধি কেন্দ্রগুলিতে দরিদ্র এবং মধ্যবিত্তরা কম দামে ওষুধ কিনতে পারছেন।

ooooooooooooooooo

নাখোদা মসজিদের মারকাযি রুয়াৎ-ই হিলাল কমিটি জানিয়েছে, ইদের চাঁদ দেখা গেছে। তাই আগামীকাল ৩১-শে মার্চ ইদ-উল-ফিতর উদযাপিত হবে।

প্রতিবারের মতো এবারেও কলকাতার ইন্দিরা গান্ধী সরণীতে ইদের নামাজের জমায়েত হবে। আগামীকাল সকাল ৯-টায় এই নামাজ শুরু হবে। এই উপলক্ষে আগামীকাল সকালে যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে।

এদিকে, একমাস কৃচ্ছ্রসাধনের পর খুশীর ইদের আগে এখন কলকাতা সহ রাজ্যের সর্বোচ্চ ইদের কেনাকাটা চলছে। কলকাতার ধর্মতলা, নিউমার্কেট, এন্টালি, খিদিরপুর সহ বড়বড় বাজারে চলছে ইদের প্রস্তুতির শেষ মুহূর্তের কেনাকাটা।

০০০০০০০০০০০০০০০০০

এদিকে শুরু হয়েছে নবরাত্রি এবং কয়েকদিন পর পালিত হবে রামনবমী। বাংলার চিরাচরিত ঐতিহ্য মেনে শান্তি ও সম্প্রীতির বাতাবরণে এই উৎসব পালনের জন্য বামফ্রন্টের পক্ষ থেকে, রাজ্যের সকল অংশের মানুষের প্রতি আহ্বান জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

ইদ - উল - ফিতর উপলক্ষে আগামীকাল মেট্রোর ব্লু লাইনে ২৬২ টির পরিবর্তে আপ ও ডাউন মিলিয়ে মোট ২৩৬ টি ট্রেন পরিষেবা পাওয়া যাবে। তবে, প্রথম ও শেষ ট্রেনের সময়সূচি অপরিবর্তিত থাকবে।

অন্যদিকে, গ্রিন লাইন -1 এ আপ ও ডাউন মিলিয়ে মোট ৯০ টি ট্রেন পরিষেবা দেওয়া হবে। সকাল ৬ টা ৫৫ মিনিট থেকে রাত ৯ টা ৪০ মিনিটের মধ্যে ২০ মিনিট অন্তর এই ট্রেনগুলি পাওয়া যাবে।

গ্রীন লাইন 2 , পার্পেল লাইন ও অরেঞ্জ লাইনে মেট্রো পরিষেবা অন্যান্য দিনের মত স্বাভাবিক  থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০

মালদার মোথাবাড়ি যাওয়ার পথে ইংরেজবাজারের সাদুল্লাপুরে বিজেপি-র রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারকে পুলিশ বাধা দিলে পরিস্থিতি জটিল আকার নেয়। বিজেপি নেতা কর্মীরা তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে বিক্ষোভ দেখান। সাদুল্লাপুরে পুলিশের দেওয়া ব্যারিকেড বিজেপি নেতৃত্ব ভেঙে ফেলে। পরে আর একটি বাঁশের ব্যারিকেড বিজেপি নেতা কর্মীরা ভাঙার চেষ্টা করে। টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখানো হয়। সাদুল্লাপুরে পুলিশের বিশাল বাহিনী মোতায়েন রয়েছে। নামানো হয়েছে Raf। বিক্ষোভের জেরে এলাকায় যান চলাচল বন্ধ।

এদিকে, মোথাবাড়ি এলাকার দায়িত্বপ্রাপ্ত রাজ্য পুলিশের আই জি রাজেশ যাদব জানিয়েছেন, প্রশাসন স্থানীয় নাগরিকদের সঙ্গে আজও শান্তি বৈঠক করে। সেখানে রুটমার্চ চলছে। পুলিশ এপর্যন্ত ৬১ জনকে গ্রেফতার করেছে।

০০০০০০০০০০০০০০০০০০

ওড়িশায় বেঙ্গালুরু – কামাক্ষা সুপার ফাস্ট এক্সপ্রেসের ১১-টি কোচ আজ কটকের কাছে লাইনচ্যুত হলে কমকরে ১ জনের মৃত্যু হয়েছে। আহত ৭। এদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক । হতাহতের সংখ্যা বাড়তে পারে। আহতদের কটকের হাসপাতালে চিকিৎসা চলছে। রেল সূত্রের খবর মৃত শুভঙ্কর রায়, আলিপুরদুয়ারের বাসিন্দা, ব্যাঙ্গালুরু থেকে মায়ের চিকিৎসা করিয়ে তিনি ফিরছিলেন।

অন্যদিকে, সাঁতরাগাছি থেকে শালিমারের দিকে যাওয়ার সময় আজ তিরুপতি এক্সপ্রেসের সঙ্গে অন্য একটি ট্রেনের সংঘর্ষে ওই লাইনে ট্রেন চালচল বেশকিছুক্ষণ বন্ধ ছিল।

বেঙ্গালুরু থেকে ট্রেনটি কামাক্ষা যাওয়ার পথে কেন্দাপাড়া রোড ও নারগুন্ডি জংশনের মধ্যে ট্রেনটি লাইনচ্যুত হয়। আটকেপড়া যাত্রীদের গন্তব্যে পৌঁছনো নিশ্চিত করতে এবং তাদের সাহায্যের জন্য আসানসোল , দুর্গাপুর ও মালদা টাউন স্টেশনে হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে।

আসানসোলের নম্বর হল – ৯৬৪১৯২৩৮৯১,

দুর্গাপুরের নম্বর -৯০৪৬২৩৯২২৩

এবং মালদা টাউন স্টেশনের হেল্পলাইন নম্বর হল – ০৩৫১২-২৮৩৪৪৪ ।

oooooooooooooooooo

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন তাপমাত্রার বড় রকম হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছেন। পূর্বাঞ্চলীয় অধিকর্তা ডঃ সোমনাথ দত্ত আকাশবাণীকে বলেন, আগামী মাসের চার তারিখ কয়েকটি জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

(বাইট - ডঃ সোমনাথ দত্ত)

ooooooooooooooooo

স্পটলাইটে এবারের আলোচনা ‘প্রধানমন্ত্রীর মরিশাস সফর এবং ভারতের বিদেশনীতি’। আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ অনিন্দ্য জ্যোতি মজুমদারের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত এই অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব তথা শেষ পর্ব শোনা যাবে আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচারতরঙ্গে।

oooooooooooooooooooooo

কলকাতা পুলিশের এস টি এফ, আনন্দপুর থানা এলাকায় এক পুরুষ ও এক মহিলার কাছ থেকে ১০-টি আগ্নেয়াস্ত্র ও গুলি উদ্ধার করেছে। হুগলীর বাসিন্দা ধৃত এই দু-জনের মধ্যে এক জন মহিলা।

oooooooooooooooo

oooooooooooooooooo

oooooooooooooooooo